

এসএসসির প্রবেশপত্র আটকে মনিপুর স্কুলে বেতন আদায় তদন্তের নির্দেশ শিক্ষামন্ত্রীর

■ সমকাল প্রতিবেদক
মনিপুরের মনিপুর স্কুল অ্যান্ড
কলেজে আসর এসএসসি
পরীক্ষার্থীদের প্রবেশপত্র না দিয়ে

তাদের কাছ থেকে জোরপূর্বক
জানুয়ারি মাসের বেতন আদায়ের
অভিযোগ খতিয়ে দেখতে নির্দেশ
দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম
নাহিদ। গতকাল বুধবার সকালে
এসএসসি পরীক্ষার প্রস্তুতিমূলক
সভায় অভিযোগটি পেয়ে তিনি
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের
(মাউশি) মহাপরিচালককে সঙ্গে
সঙ্গে এই নির্দেশ দেন।

সভায় একটি বেসরকারি
টেলিভিশন চ্যানেলের সাংবাদিক এ
অভিযোগটি শিক্ষামন্ত্রীর নজরে
আনেন। অভিযোগে বলা হয়,
রাজধানীর মনিপুর স্কুল অ্যান্ড
কলেজে ২০১৫ সালের এসএসসি
পরীক্ষার্থীদের প্রবেশপত্র আটকে
রেখে স্কুল কর্তৃপক্ষ জোর করে
তাদের কাছ থেকে চলতি জানুয়ারি
মাসের বেতন আদায় করছে।
এজন্য অভিভাবকদের হুমকি
দিচ্ছে।

মাউশির মহাপরিচালক প্রফেসর
ফাহিমা খাতুন জানান, তিনি মন্ত্রীর
নির্দেশ পেয়ে তাৎক্ষণিক মোবাইল
ফোনে অধিদপ্তরের উপপরিচালক
(মাধ্যমিক) মোস্তফা কামালকে
অভিযোগটি তদন্ত করতে বলেছেন।
বিকেলে মোস্তফা কামাল জানান,
মনিপুর স্কুলের ২০-২৫ এসএসসি
পরীক্ষার্থীর প্রবেশপত্র গতকাল
পর্যন্ত বিতরণ না করার অভিযোগের
সত্যতা তারা পেয়েছেন। তাকে
বিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে,
আজকের মধ্যেই শিক্ষার্থীদের
প্রবেশপত্র দিয়ে দেওয়া হবে।